

বিষাদগাথা

—নীলোৎপল গোস্বামী

হাঁটতে শিখে ছেড়েছি যঁার হাত
দাঁড়িয়েছি যঁার কণ্ঠলগ্ন হয়ে,
ফোঁটাও তাঁকে করিনি যে সম্মান, এত বড়
মানবযুদ্ধজয়ে ।।

জয়ী কি হয়েছি ? না পরাজয়ের গ্লানি
পান করেছি ভক্তিভরে
জঠরে স্বদেশে মা'কে পূজেও,
যাই দূরে সরে সরে ।

তিনি কি চাইতেন রক্ত বরফ
তোমার আমার মনেদেহে
দোয়া-প্রার্থনা ছিল গহীন হৃদয়ে
গলিতসোনায় মেখে স্নেহে ।

মাটিতে যেদিন আঁচড় পড়ল
বিভেদে ছিন্ন দেশ
লালন হাসান কাঁদে একদিকে
আজ গোলাম মেহেদী বিদেশ ।।

ওহে মানুষ শোনো,
তোমার ধর্ম ইসলাম, তোমার ধর্ম হিন্দু ?
মায়ের কি আছে ধর্ম কোন ?
সন্তানবিহনে যিনি বিষাদসিঙ্কু ।

কাঁটাতারে শোণিত বরে প্রতিদিন
অশ্রুভরা শ্যামল আঁখি ।
চেতনা আমার রবীন্দ্রনাথ,
নজরুল ভালবাসার রাখি ।।